# এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## অর্থনীতি দ্বিতীয় পত্র

বিষয় কোড: ১ ১ ০

সময় — ২ ঘন্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]

১. ▶ প্রাচীনকাল থেকেই বাংলা ছিল সমৃদ্ধ। বাংলার মানুষের গোলাভরা ধান, গোয়াল ভরা গরু, ছিল পুকুরভরা মাছ। মানুষের মুখে ছিল হাসি, কৃষি নির্ভর অর্থনীতি, শিল্পেও অগ্রগণ্য ছিল এদেশের সৌন্দর্য ও উন্নতির কারণে নজর পড়ে বিশ্ববাসীর। এজন্য বাংলাকে জান্নাতাবাদ বলা হতো। বাংলায় আগমন করে পর্যটক, আগমন করে বিভিন্ন দেশের বণিক এমনকি আগ্রাসী ইংরেজি ফিরিঙ্গিরাও।

ক. কোন মুঘল সম্রাটের সময় বাংলাকে জান্নাতাবাদ বলা হতো? ১

খ. ইংরেজ শাসনামলে বাংলার অর্থনৈতিক অবস্থা কেমন ছিল? ২

গ. প্রাচীন বাংলা কৃষি নির্ভর ও শিল্প ক্ষেত্রে অগ্রগণ্য ছিল- ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলার অপরূপ সৌন্দর্য ও সমৃদ্ধির কারণেই বাংলা ইংরেজি আগ্রাসনের স্বীকার হয় বুঝিয়ে লিখ। ৪

২. ▶ বাংলাদেশ একটি কৃষিভিত্তিক উন্নয়নশীল দেশ। বাংলাদেশের কৃষিতে এখনো সনাতন পদ্ধতিতে চাষ করা হয়। তবে বর্তমানে অনেক ক্ষেত্রেই আধুনিক পদ্ধতিতে চাষাবাদ শুরু হয়েছে। তাই কৃষির প্রতিটি উপখাতের অবদান দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

ক. কৃষি প্রযুক্তি কী? ১

খ. কৃষির কাঠামো ব্যাখ্যা করো। ২

গ. জাতীয় অর্থনীতিতে কৃষি খাতের অবদান বর্ণনা করো। ৩

ঘ. কৃষির উপখাতের উন্নয়নে তোমার সুপারিশ উল্লেখ করো। ৪

৩. ▶ মি. জামী ‘X’ দেশের নাগরিক। দেশটির রপ্তানি আয়ের তুলনায় আমদানি ব্যয় অনেক বেশি। ফলে দেশটির বৈদেশিক মুদ্রার ব্যয় বেশি হয় এবং বাণিজ্য ঘাটতি দেখা দেয়। তাই সেই দেশের সরকার সিদ্ধান্ত নিলেন আমদানি বিকল্প শিল্প স্থাপন করবেন। এতে দেশটির বৈদেশিক মুদ্রা সাশ্রয় হবে। দেশীয় শিল্পের বিকাশ ঘটবে এবং রপ্তানিমুখী শিল্প বিকাশে সহায়তা করবে।

ক. আমদানি বিকল্প শিল্প কী? ১

খ. আমদানি বিকল্প শিল্পের মাধ্যমে কীভাবে আমদানি ব্যয় কমে? ২

গ. আমদানি বিকল্প শিল্প কীভাবে রপ্তানিমুখী শিল্পের বিকল্প হতে পারে? ৩

ঘ. মি. জামীর দেশের সরকার কেন আমদানি বিকল্প শিল্প স্থাপনে আগ্রহী ব্যাখ্যা করো। ৪

http://teachingbd.com

৪. ▶ হিমেল এইচ.এস.সি. পরীক্ষায় পাস করে স্টুডেন্ট ভিসায় আমেরিকায় চলে যায়। তার মতো আরও অনেকেই আমেরিকাসহ বিভিন্ন দেশে গিয়েছে। তারা প্রত্যেকেই দেশকে ভালোবাসে। দেশের উন্নয়ন দেখতে চায়।

ক. স্থানান্তর কী? ১

খ. নিট অভিবাসন ধারণাটি বুঝিয়ে লেখ। ২

গ. নিট অভিবাসনের সূত্রটি ব্যবহার করে দেখাও যে, এর মাধমে কোনো দেশের জনসংখ্যা কমবেশি বা সামন থাকতে পারে? ৩

ঘ. নিট অভিবাসনের মাধ্যমে দেশের জনগণের দেশের অর্থনৈতিক উন্নয়ন সম্ভব তুমি কি একমত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫. ▶ ১৯৪৩-৪৪ সাল বিশ্বযুদ্ধ চলছে। ভারতের পাঞ্জাব এবং বার্মা (বর্তমানের মিয়ানমার) থেকে চাল আমদানি নেই, কারণ নৌযানের সংকট। সবাই ভাবছে দুর্ভিক্ষ আসবে। তখন যাদের জমিতে প্রচুর ফসল হয়েছে, তাদের উদ্বৃত্ত খাদ্য মজুদ করায় বাজারে খাদ্য সংকট দেখা দিল। রংপুরের রিকশাচালক জাহেদ মিঞার সামর্থ্য থাকা সত্ত্বেও দুর্ভিক্ষে তার মা ও একমাত্র সন্তান মারা যায়।

ক. খাদ্যের প্রাপ্যতা ধারণাটি কী? ১

খ. দেহের বৃদ্ধি সাধন খাদ্য ব্যবহারের উপর নির্ভরশীল ব্যাখ্যা করো। ২

গ. অনুচ্ছেদে খাদ্য নিরাপত্তার কোন দিন উল্লেখ করা হয়েছে তা নির্ণয় করো। ৩

ঘ. জাহেদ মিঞার সমস্যা সমাধানে সরকারের ভূমিকা কী হতে পারে? ব্যাখ্যা করো। ৪

৬. ▶ বিধবা ভাতাভোগী মনসুরা বেগম রসুলপুর গ্রামে বাসিন্দা। কতদিন যে তার না খেয়ে গেল তার হিসাব সে নিজেও জানে না। 'ক' নামক NGO তার গ্রামে তাকে সংগঠনের প্রধান করে কার্যক্রম শুরু করে। NGOটি তাদের সঞ্চয় গ্রহণের বিপরীতে ঋণদান করে থাকে। মনসুরা বেগমের আন্তরিক প্রচেষ্টা ও দক্ষ নেতৃত্বের কারণে এবং সদস্যদের সহযোগিতায় সেসহ সবাই স্বাবলম্বী।

ক. NGO এর পূর্ণরূপ কী? ১

খ. এনজিও বলতে কী বোঝায়? ২

গ. মনসুরা বেগমের NGO এর মাধ্যমে স্বাবলম্বী হওয়ার বিষয়টি ব্যাখ্যা করো। ৩

ঘ. অর্থায়নে NGO এর ভূমিকা ব্যাখ্যা করো। ৪

Teachingbd.com

৭. ▶ বাংলাদেশের অধিকাংশ মানুষ সীমিত আয়ের। বাজারে দ্রব্য সামগ্রীর দাম বেড়ে গেলে তাদের কষ্টের সীমা থাকে না। তারা তাদের প্রয়োজনীয় অভাব পূরণে ব্যর্থ হয়। তবে আশার কথা যে, বিশ্ব বাজারে জ্বালানি তেলের মূল্য হ্রাস পাচ্ছে।

ক. মুদ্রাস্ফীতি কী? ১

খ. চাহিদা বৃদ্ধিজনিত মুদ্রাস্ফীতি ধারণাটি ব্যাখ্যা করো। ২

গ. সীমিত আয়ের লোক মুদ্রাস্ফীতির ফলে কীভাবে ক্ষতিগ্রস্ত হয়? ৩

ঘ. বিশ্ব বাজারে জ্বালানি তেলের মূল্য হ্রাসের ফলে বাংলাদেশের অর্থনীতিতে কি প্রভাব পড়বে? ৪

৮. ▶ ড. আবেদ সুযোগ পেলেই তার ক্লাস বা সভা সেমিনারে বৈদেশিক সাহায্যের বিরুদ্ধে বক্তব্য দেন। স্বাধীনতার পর প্রচুর বৈদেশিক সাহায্য এসেছে। অথচ এর সঠিক ব্যবহার না হওয়ায় এদেশের আর্থসামাজিক অবকাঠামো উন্নয়নে তা তেমন ভূমিকা রাখতে পারেনি। অন্যদিকে বৈদেশিক সাহায্য দাতারা আমাদের অভ্যন্তরীণ বিষয়ে অযাচিত হস্তক্ষেপ করেছে। তিনি মনে করেন, আমদানি কমিয়ে দেশে উৎপাদন বাড়ানোর উপায় খোঁজার চেষ্টা করলে সাহায্যের প্রয়োজন হতো না।

ক. অভ্যন্তরীণ বাণিজ্য কাকে বলে? ১

খ. ইপিজেড বলতে কী বোঝায়? ২

গ. বৈদেশিক সাহায্য নয় বৈদেশিক বাণিজ্যই একটি দেশকে উন্নয়ন এনে দিতে পারে— ব্যাখ্যা করো। ৩

ঘ. বৈদেশিক সাহায্যের ক্ষতিকর প্রভাবসমূহ উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৯. ▶ বাংলাদেশের আর্থিক বছর শুরু হয় ১লা জুলাই থেকে এবং শেষ হয় পরবর্তী বছরের ৩০শে জুন পর্যন্ত তাই প্রতি বছর জুন মাসে জাতীয় সংসদে বাজেট পেশ করতে হয়। বাজেটে বিভিন্ন খাতের ব্যয় নির্দিষ্ট থাকে। তবে বাংলাদেশে ঘাটতি বাজেট অনুসরণ করা হয়।

ক. সরকারি আয় কী? ১

খ. সরকারি ব্যয়ের উদ্দেশ্য কী? ২

গ. সরকার কোন কোন খাতে অর্থ ব্যয় করে? ৩

ঘ. সরকারি বাজেটের ঘাটতি অর্থ কীভাবে পূরণ করা যায়? ৪

http://teachingbd.com

# অর্থনীতি দ্বিতীয় পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড: ১ ১ ০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. 'Finis' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ক ল্যাটিন  খ গ্রিক
গ ইংরেজি  ঘ ফারসি

২. শেয়ারের মাধ্যমে সংগৃহীত মূলধন—
i. বিনিয়োগের জন্য পথ সৃষ্টি করে
ii. শিল্প পুঁজি গঠনে নিরাপদ উৎস
iii. নির্দিষ্ট সময়ের পর ফেরত দিতে হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩ নং প্রশ্নের উত্তর দাও:**
মি. জহির একটি প্রতিষ্ঠানের মালিক। তিনি তার প্রতিষ্ঠানের শেয়ারহোল্ডারগণকে নিয়মিত লভ্যাংশ প্রদান করেন।

৩. মি. জহিরের প্রতিষ্ঠানটি কোন ধরনের প্রতিষ্ঠান?
ক সরকারি  খ ব্যক্তিগত
গ পাবলিক  ঘ বেসরকারি

৪. 'মুদ্রাস্ফীতি এরূপ একটি পরিস্থিতি যখন অর্থের মূল্য ক্রমাগত হ্রাস পায়'— সংজ্ঞাটি কার?
ক অধ্যাপক পিগু
খ অর্থনীতিবিদ ক্রাউথার
গ অধ্যাপক স্যামুয়েলসন
ঘ অর্থনীতিবিদ কুলবর্ন

৫. ২০১১-১২ অর্থবছরে বার্ষিক গড় মুদ্রাস্ফীতি কত ছিল?
ক ১০.৬২%  খ ১১.৯৯%
গ ১২.৭১%  ঘ ১৩.৪৯%

৬. টাকার অবমূল্যায়ন করা হলে আমদানিকৃত দ্রব্য সামগ্রীর দাম কী হয়?
ক স্থির থাকে  খ হ্রাস পায়
গ বৃদ্ধি পায়  ঘ ক্রমে বৃদ্ধি পায়

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:**
বর্তমান বাজেট পর্যালোচনা করলে দেখা যায় যে, প্রতিবছরের ন্যায় সরকার এবারও আয়ের চেয়ে ব্যয় বেশি ধরেছে। ফলে সরকার ব্যয় মেটানোর জন্য বিভিন্ন ধরনের ঋণ গ্রহণ করে থাকে।

৭. উদ্দীপকে বর্ণিত মুদ্রাস্ফীতি কোন ধরনের?
ক সরকারি ব্যয় বৃদ্ধি  খ ব্যয় বৃদ্ধিজনিত
গ কাঠামোগত  ঘ ঋণজনিত

৮. অতিরিক্ত ব্যয় মেটানোর জন্য সরকার ঋণ গ্রহণ করে—
i. কেন্দ্রীয় ব্যাংক থেকে
ii. বৈদেশিক উৎস থেকে
iii. বাণিজ্যিক ব্যাংক থেকে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

৯. নিচের কোনটি আন্তর্জাতিক সংস্থা?
ক EEC  খ ASEAN
গ IMF  ঘ EU

১০. বাংলাদেশ সরকার রপ্তানি বাণিজ্য সম্প্রসারণের উদ্দেশ্যে কয়টি পণ্যকে সর্বোচ্চ 'অগ্রাধিকার খাত' হিসেবে চিহ্নিত করেছে?
ক ৮  খ ১০
গ ১২  ঘ ১৫

১১. বাংলাদেশের আমদানিকৃত প্রধান প্রধান প্রাথমিক পণ্য কোনটি?
ক গম, তৈলবীজ, কাঁচাতুলা
খ কাপড়, গম, তৈলবীজ
গ চাল, গম, লোহা
ঘ চাল, গম, সার

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও:**
ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা উদ্বোধনী অনুষ্ঠানে বাণিজ্যমন্ত্রী বলেন যে, পৃথিবী এখন একটি বৃহৎ গ্রামে পরিণত হয়েছে। ফলে আমরা সহজে হাতের কাছে অনেক দ্রব্যসামগ্রী পাই, তবে এর কিছু অসুবিধাও রয়েছে, যা থেকে আমাদের সতর্ক থাকতে হবে।

১২. বাণিজ্যমন্ত্রীর বক্তব্যটি কোন ধারণাকে সমর্থন করে?
ক আন্তর্জাতিক বাণিজ্য  খ বাজার উন্মুক্তকরণ
গ পণ্যের গতিশীলতা  ঘ বিশ্বায়ন

১৩. উক্ত বিষয়ে মন্ত্রী সতর্ক করেছেন—
i. সাংস্কৃতিক আগ্রাসন সম্পর্কে
ii. পণ্যের মূল্য হ্রাসকরণ
iii. বহুজাতিক কোম্পানির প্রাধান্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

১৪. দেশের অর্থনৈতিক উন্নয়নের উদ্দেশ্যে সরকার যে ব্যয় করে তাকে কী ধরনের ব্যয় বলে?
ক উৎপাদনশীল  খ রাজস্ব
গ মূলধনী  ঘ উন্নয়নমূলক

১৫. বার্ষিক উন্নয়ন পরিকল্পনায় অন্তর্ভুক্ত থাকে—
i. জাতীয় উৎপাদন বৃদ্ধি
ii. কৃষি সংক্রান্ত কার্যাবলি
iii. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

১৬. অর্থনীতির কোন শাখায় সরকারের আয়, ব্যয় ও ঋণ সংক্রান্ত বিষয়গুলো আলোচনা করা হয়?
ক কর কাঠামোতে  খ মহাহিসাব নিরীক্ষকে
গ জাতীয় রাজস্ববোর্ডে  ঘ সরকারি অর্থব্যবস্থায়

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:**
সালাম সাহেব মিরপুর থেকে মতিঝিল যাওয়ার পথে লক্ষ করেন যে, কয়েকজন প্রকৌশলী ঢাকা সিটিতে মেট্রোরেল নির্মাণ কাজ তদারকি করছেন।

১৭. উদ্দীপকে প্রকৌশলীর বেতন সরকারি ব্যয়ের কোন খাতে ধরা হয়?
ক কেন্দ্রীয় ব্যয়  খ অনুৎপাদনশীল
গ উৎপাদনশীল  ঘ রাজস্ব ব্যয়

১৮. মেট্রোরেলের নির্মাণ ব্যয় ধরা হয়—
i. ঘাটতি বাজেটে  ii. মূলধনী ব্যয়ে
iii. উন্নয়নমূলক খাতে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

১৯. কোন দেশে অর্থনৈতিক পরিকল্পনার প্রথম সূত্রপাত ঘটে?
ক যুক্তরাষ্ট্র  খ রাশিয়া
গ জাপান  ঘ চীন

২০. প্রশাসনিক দৃষ্টিকোণ থেকে সরকারি ব্যয় কত প্রকার?
ক ২  খ ৩
গ ৪  ঘ ৫

২১. প্রাচীন বাংলার বিখ্যাত অর্থশাস্ত্রবিদ কে ছিলেন?
ক এরিস্টটল  খ কৌটিল্য
গ ড. নীহাররঞ্জন রায়  ঘ এ্যাডাম স্মিথ

http://teachingbd.com

২২. বাংলাদেশের অর্থনৈতিক ইতিহাসকে কয় ভাগে ভাগ করা হয়?
ⓚ চার ⓚ পাঁচ
ⓖ ছয় ⓖ সাত

(ক) চার (খ) পাঁচ
(গ) ছয় (ঘ) সাত

২৩. আদি হিন্দু যুগের অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে কী ধরনের জীবন পরিলক্ষিত হয়?
(ক) পারিবারিক (খ) সামাজিক
(গ) রাজনৈতিক (ঘ) অর্থনৈতিক

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:**
নিপু কলেজের লাইব্রেরি থেকে একটি বই সংগ্রহ করে। বইটি পড়ে সে একটি যুগ সম্পর্কে জানতে পারে, যাকে প্রাচীন বাংলায় 'স্বর্ণযুগ' বলে অভিহিত করা হয়। সে আরও জানতে পারে, সেই যুগ ব্যবসা-বাণিজ্য সমৃদ্ধ ছিল এবং আধুনিক মুদ্রা ব্যবস্থা প্রবর্তন করা হয়।

২৪. উদ্দীপকে 'স্বর্ণযুগ' বলতে কোন যুগকে বোঝানো হয়েছে?
(ক) প্রাগৈতিহাসিক (খ) ইংরেজ
(গ) পাকিস্তান (ঘ) মুসলিম

২৫. উল্লিখিত যুগের বৈশিষ্ট্য হলো—
i. পালবাহী নৌকা রপ্তানি করা হতো
ii. খাদ্যদ্রব্য সস্তায় পাওয়া যেতো
iii. নীল চাষ করা হতো
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৬. বাংলাদেশের শ্রমশক্তির শতকরা কত ভাগ কৃষিতে নিয়োজিত?
(ক) ৪৫.১% (খ) ৪৭.৫০%
(গ) ৪৮.৫১% (ঘ) ৪৯.৮৭%

২৭. কৃষির প্রথম আবাদ শুরু হয় কোন দেশে?
(ক) মিশরে (খ) প্রাচীন গ্রিসে
(গ) আফ্রিকায় (ঘ) প্যালেস্টাইনে

২৮. বাংলাদেশের কৃষিতে জনসংখ্যার চাপ বেশি হওয়ার কারণ কী?
(ক) কৃষিতে শ্রমিক বেশি লাগে
(খ) কৃষক পরিবারে সদস্য বেশি
(গ) বিকল্প কর্মসংস্থানের অভাব
(ঘ) ছদ্মবেশী বেকারত্ব বিদ্যমান

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:**
জমির মিয়া একজন কৃষক। তিনি লাঙল ও গরু দ্বারা অন্যের জমি চাষ করেন। তিনি জমিতে উন্নত জাতের বীজ, রাসায়নিক সার এবং কীটনাশক ব্যবহার করতে অক্ষম। ফলে উৎপাদন কম হয়।

২৯. জমির মিয়া কোন ধরনের কৃষক?
(ক) ভূমিহীন (খ) বর্গাদার
(গ) প্রান্তিক (ঘ) দরিদ্র

৩০. জমিতে উৎপাদন কম হওয়ার কারণ—
i. সনাতন চাষ পদ্ধতি
ii. প্রাকৃতিক দুর্যোগ
iii. প্রকৃতির ওপর নির্ভরশীলতা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩১. বাংলাদেশ সরকার প্রথম শিল্পনীতি ঘোষণা করেছে কত সালে?
(ক) ১৯৭১ (খ) ১৯৭২
(গ) ১৯৭৩ (ঘ) ১৯৭৪

৩২. বাংলাদেশের পোশাক শিল্পের সমস্যা হলো—
i. মূলধনের অভাব ii. পোশাকের মান নির্ধারণ
iii. কোটার অসুবিধা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৩ নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব সুমন একজন ব্যবসায়ী। কিশোরগঞ্জ জেলার ভৈরবে তার একটি দিয়াশলাই ফ্যাক্টরি রয়েছে।

৩৩. জনাব সুমনের দিয়াশলাই ফ্যাক্টরিকে কোন ধরনের শিল্প বলা যায়?
(ক) কুটির (খ) ক্ষুদ্র
(গ) মাঝারি (ঘ) বৃহদায়তন

৩৪. ম্যালথাসের মতানুসারে, কত বছরে একটি দেশের জনসংখ্যা দ্বিগুণ হয়?
(ক) ১৫ (খ) ২০
(গ) ২৫ (ঘ) ৩০

৩৫. বাংলাদেশের ক্ষেত্রে যে তথ্যগুলো প্রযোজ্য—
i. আয়তন ১,৪৭,৫৭০ বর্গকিলোমিটার
ii. জনসংখ্যার ঘনত্ব ১০১৫ জন
iii. মাথাপিছু আয় ১১৯০ মার্কিন ডলার
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৬ নং প্রশ্নের উত্তর দাও:**
জোবায়ের মোল্লা 'যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র' থেকে প্রশিক্ষণ নেন। তিনি কর্মসংস্থান ব্যাংকের সহায়তায় একটি দুগ্ধ খামার স্থাপন করেন।

৩৬. জোবায়ের মোল্লার কাজটি কোন ধরনের?
(ক) ব্যবসায় (খ) আত্মকর্মসংস্থান
(গ) উদ্যোগ (ঘ) ব্যবসায় উদ্যোগ

৩৭. OMS-এর পূর্ণরূপ কী?
(ক) Overall Market System
(খ) Open Market Strategy
(গ) Open Market System
(ঘ) Overall Market Storage

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৮ ও ৩৯ নং প্রশ্নের উত্তর দাও:**
সোহেল মিয়ার একটি কমলা বাগান আছে। তিনি প্রতি বছর প্রচুর কমলা বিক্রয়ের জন্য ঢাকায় পাঠান। কমলা প্রক্রিয়াজাত করার সময় রাসায়নিক দ্রব্য ব্যবহার করেন, যাতে কমলার মান অনেকদিন অক্ষুণ্ন থাকে।

৩৮. কমলায় উক্ত দ্রব্যটি ব্যবহার করে খাদ্যের কোন দিক বিনষ্ট করা হয়?
(ক) খাদ্যের চাকচিক্য (খ) খাদ্যের স্থায়িত্ব
(গ) খাদ্যের স্বাদ (ঘ) খাদ্যের নিরাপত্তা

৩৯. উদ্দীপকের বিষয়টি সম্পর্কে সরকারের করণীয়—
i. ফরমালিন আমদানিতে সচেতন হওয়া
ii. বিএসটিআইকে শক্তিশালীকরণ
iii. বাজার মনিটরিং করা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৪০. খাদ্যে ভেজাল দূরীকরণে সরকারের কোন পদক্ষেপটি সকল মহলে প্রশংসিত হয়েছে?
(ক) মোবাইল কোর্ট অভিযান
(খ) বিএসটিআইকে শক্তিশালীকরণ
(গ) টিসিবিকে শক্তিশালীকরণ
(ঘ) জনগণের সচেতনতা বৃদ্ধি করা

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ক | ৩ | গ | ৪ | খ | ৫ | ক | ৬ | গ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | গ | ১০ | ক | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | খ | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | খ |
| ২১ | খ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | ঘ | ৩১ | গ | ৩২ | খ | ৩৩ | খ | ৩৪ | গ | ৩৫ | ঘ | ৩৬ | খ | ৩৭ | গ | ৩৮ | ঘ | ৩৯ | গ | ৪০ | ক |

http://teachingbd.com